

শাবিপ্রবিতে শিক্ষার্থী-পুলিশ সংঘর্ষে পুলিশসহ আহত শতাধিক

শাবিপ্রবি
প্রতিনিধি

১৮ জুলাই, ২০২৪

১৭:৩০

শেয়ার

অ +

অ -



শাবিপ্রবিতে শিক্ষার্থী-পুলিশ সংঘর্ষে পুলিশসহ শতাধিক শিক্ষার্থী আহত হয়েছেন। ছবি : কালের কণ্ঠ

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) প্রধান ফটকের সামনে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে পুলিশের সংঘর্ষ হয়েছে। বৃহস্পতিবার (১৮ জুলাই) দুপুরের এ সংঘর্ষে শিক্ষার্থীদের ওপর টিয়ার গ্যাস, রাবার বুলেট,

সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে পুলিশ। শিক্ষার্থীরাও পাল্টা ইটপাটকেল নিক্ষেপ করেন। এতে পাঁচ পুলিশ সদস্যসহ শতাধিক শিক্ষার্থী আহত হয়েছেন বলে জানা গেছে।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, বৃহস্পতিবার সকাল ৮টা থেকে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক, গোলচত্বর, হলসহ ক্যাম্পাসের বিভিন্ন পয়েন্টে পুলিশ, সোয়াট, সিআরটি টিমের পাঁচ শতাধিক সদস্য জলকামানসহ অবস্থান নেন। এরপর দুপুরে আন্দোলনরত শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের মূল ফটকে সামনে জড়ো হয়ে অবস্থান নেন। এ সময় শিক্ষার্থীরা সিলেট-সুনামগঞ্জ সড়ক অবরোধ করে আন্দোলন চালিয়ে যান। এক পর্যায়ে পুলিশ আন্দোলনকারীদের বাধা দিলে দুই পক্ষের মধ্যে বাগবিতণ্ডা হয়।

এক পর্যায়ে শিক্ষার্থীদের ওপর হামলা চালায় পুলিশ। এ সময় শিক্ষার্থীরাও পাল্টা ইটপাটকেল নিক্ষেপ করে। এতে দুই পক্ষের মাঝে তুমুল সংঘর্ষ বাধে। এক পর্যায়ে পুলিশ শিক্ষার্থীদের ওপর কাঁদানে গ্যাস, রাবার বুলেট ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে।

দুপুর ১টা থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত (বিকেল ৪টা) বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক, সুরমা আবাসিক এলাকা, মাউন্ট এডোরা হসপিটালের সামনে, মদিনা মার্কেট ও পাঠানঠুলা এলাকায় পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের দফায় দফায় সংঘর্ষ হয়। এ সব সংঘর্ষে শতাধিক শিক্ষার্থী আহত হয়েছেন বলে জানিয়েছেন আন্দোলনকারীদের সমন্বয়ক আসাদুল্লাহ আল গালিব। অন্যদিকে পুলিশের পক্ষ থেকে পাঁচজন সদস্য আহত হয়েছেন বলে জানানো হয়েছে।

সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতাল, রাগীব রাবেয়া মেডিক্যাল কলেজ ও মাউন্ট এডোরা হসপিটালে খোঁজ নিয়ে ২০ জনের অধিক শিক্ষার্থীর ভর্তির বিষয় জানা গেছে।

অন্যদিকে বিকেল ৪টায় সিলেট মহানগর ছাত্রলীগের নেতাকর্মীরা শাবিপ্রবি ক্যাম্পাসে ঢুকতে চাইলে পুলিশের সঙ্গে নেতাকর্মীদের বাগবিতণ্ডা হয়।

এ সময় সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে তাদের ছত্রভঙ্গ করে দেয় পুলিশ।

এর আগে সকাল ৭টা থেকে পুরো ক্যাম্পাস নিয়ন্ত্রণে নেয় পুলিশ। এ সময় শিক্ষার্থীদের হল ছাড়ার নির্দেশ দেন হলের প্রভোস্টরা। পরে পুলিশের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও প্রভোস্টরা শিক্ষার্থীদের হল থেকে বের করে দেন। পরে সকাল ১১টার দিকে আন্দোলনকারী শিক্ষার্থীরা প্রধান ফটক দিয়ে ক্যাম্পাসের ভেতরে অবস্থান নিতে চাইলে তাদের বাধা দেয় পুলিশ। এক পর্যায়ে শিক্ষার্থীরা ভেতরে ঢুকে গেলে তাদের লাঠিচার্জ করে বের করে দেয় পুলিশ।

এ বিষয়ে জানতে চাইলে সিলেট মহানগর পুলিশের উপকমিশনার (উত্তর) আজবাহার আলী বলেন, শিক্ষার্থীরা ইটপাটকেল নিক্ষেপ করতে থাকলে পুলিশ তা প্রতিহত করে। তাদের হামলায় পাঁচ পুলিশ সদস্য আহত হয়েছেন। এদের মধ্যে একজন মাথায় গুরুতর আঘাত লেগেছে। এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে।

